শেখ হাসিনার উদ্যোগ
**চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১**
পটিয়া, চট্টগ্রাম
ইমেইল:ctgpbs1@yahoo.com ওয়েব: ww.pbs1.chittagong.gov.bd

স্মারক নং-২৭.১২.১৫৬১.৫২৪.০১.০৩৮.২০২৪. ৩০২

তারিখ-১৫/০১/২০২৪ইং

বিষয়ঃ "PABX and Intercom Set System" সরবরাহ এবং স্থাপনের লক্ষ্যে RFQ পদ্ধতিতে পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি (RFQ-31/2023-2024)

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর "PABX and Intercom Set System" সরবরাহ এবং স্থাপনের লক্ষ্যে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নে বর্ণিত শর্ত স্বাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে কোটেশন আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | মালামালের বিবরণ | পরিমাণ | একক মুল্য | মোট মুল্য |
|---|---|---|---|---|
| ০১ | PABX Intercom System (8 Channel)<br>Brand: Excel Tell/IKE/Panasonic/Miracall, Model:CS-416 | ০৬টি | | |
| ০২ | Intercom Telephone Set,<br>Brand: Panasonic<br>Model No: KX TS 500 | ৪৭টি | | |
| ০৩ | Modular Box, Line cord | ৯৪টি | | |
| ০৪ | Intercom Cable 2 pair(100% Copper) | ৩৬০০ ফিট | | |
| ০৫ | Intercom System Installation charge | ০৬টি | | |
| | | | সর্বমোট= | |
| | মোট টাকা (কথায়) :.............................................। | | | |

**দরপত্র প্রদানের স্থান ও সময়**

| | | |
|---|---|---|
| ০১। | দরপত্র জমা দেওয়ার তারিখ ও সর্বশেষ সময় | ২১/০১/২০২৪ খ্রিঃ রোজ রবিবার দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত |
| ০২। | দরপত্র জমা দেয়ার স্থান | ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯।<br>খ) চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১, পটিয়া, চট্টগ্রাম এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে পারবেন। |
| ০৩। | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | ২১/০১/২০২৪ খ্রিঃ রোজ রবিবার দুপুর ১২:০৫ ঘটিকায়।<br>ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯।<br>খ) চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১, পটিয়া, চট্টগ্রাম এর সদর দপ্তরে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। |

**শর্তাবলীঃ**

০১। বর্ণিত স্পেসিফেকেশন ও নমুনা মোতাবেক অরজিনাল ব্র্যান্ডের মালামাল সরবরাহ করতে হবে। কার্যাদেশ প্রাপ্তির পর অরজিনাল Brand এর মালামাল সরবরাহ না করলে কার্যাদেশ বাতিল পূর্বক নিয়মানুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০২। মালামালের এর বডিতে অবশ্যই ব্রান্ডের নাম প্রিন্টেড থাকতে হবে অন্যথায়, নিজ খরচে সরবরাহকৃত সকল মালামাল ফেরত নিতে হবে।

০৩। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে অফিস চলাকালীন সময়ে সীলমোহরকৃত দরপত্র জমা প্রদান করতে হবে। কোন অবস্থাতেই বিলম্বে দরপত্র গ্রহণ করা হবে না।

০৪। দরপত্রের সহিত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৫। প্রাপ্ত কোটেশন সমূহ যথাযথভাবে মূল্যায়নের সর্বতোভাবে গ্রহণযোগ্য দরদাতার অনুকূলে কার্যাদেশ প্রদান করা হলে কার্যাদেশ ইস্যুর ১৫(পনের) দিনের মধ্যে বর্ণিত অফিসের PABX and Intercom Set System এর কাজ সম্পন্ন করতে হবে।

০৬। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিজ দায়িত্বে ও নিজে খরচে চট্টগ্রাম পবিস-১ এর পাঁচটি জোনাল এবং একটি সাব-জোনাল অফিসে PABX and Intercom Set System সরবরাহ এবং স্থাপন এর কাজ বাপবিবো/পবিস এর নির্দেশনা অনুযায়ী সম্পাদন করতে হবে।

০৭। PABX and Intercom Set System স্থাপনের কাজ করার জন্য নির্দেশনা অনুযায়ী মালামাল সরবরাহ করতে হবে মালামালের স্পেসিফিকেশন অনুযায়ী পূর্ণ ০১ বছরের ওয়ারেন্টি প্রদান করতে হবে।

০৮। PABX and Intercom Set System স্থাপন এর সংযোগের পর পবিস কর্তৃক গঠিত কমিটি যাচাই পূর্বক সন্তোষজনক রিপোর্ট প্রদান করবেন।

০৯। সন্তোষজনকভাবে PABX and Intercom Set System স্থাপন এর কাজের পর বিল উপস্থাপন সাপেক্ষে ও যাচাই কমিটির প্রত্যয়ন সাপেক্ষে সরকার কর্তৃক সর্বশেষ জারীকৃত পরিপত্র অনুযায়ী ভ্যাট এবং আয়কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে। যথাযথভাবে মালামাল সরবরাহের পর চালানপত্র ও বিল দাখিল স্বাপেক্ষে হিসাব খাতে প্রদেয় চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। বিল প্রদানের সময় নিরাপত্তা জামানত হিসেবে মোট বিলে ১০% অর্থ কর্তন করে রাখা হবে যা মালামালের গুণগতমান অক্ষুন্ন থাকা সাপেক্ষে মালামাল সরবরাহের এক বছরের পর করা হবে।

১০। খামের উপর স্পষ্টাক্ষরে "**PABX and Intercom Set System সরবরাহ এবং স্থাপন পুনঃ দরপত্র**" কথাটি উল্লেখ করতে হবে।

১১। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন আংশিক/সম্পূর্ণ গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

১৫/১/২৪
(মোহাম্মদ এমরান গনি)
জেনারেল ম্যানেজার(অঃদাঃ)

অনুলিপিঃ (**নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ**)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (সদয় অবগতির জন্য)
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (ওয়েব সাইটে প্রদানের জন্য অনুরোধ করা হল)
০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, চট্টগ্রাম ।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,.........................................পবিস-১/২/৩/৪
০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, চট্টগ্রাম ।
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা,.........................................উপজেলা, চট্টগ্রাম ।
০৭। ডিজিএম (সদর-কারিগরী/বোয়ালখালী/আনোয়ারা/লোহাগাড়া/সাতকানিয়া/বাঁশখালী/চন্দনাইশ/কর্ণফুলী), চট্টগ্রাম পবিস-১।
০৮। এজিএম(গুনাগরি সাব-জোনাল অফিস)।
০৯। এজিএম (আইটি), চট্টগ্রাম পবিস-১। (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য) ।
১০। নোটিশ বোর্ড, চট্টগ্রাম পবিস-১।
১১। অফিস কপি/মাস্টার কপি।

১৫/১/২৪
(মোহাম্মদ এমরান গনি)
জেনারেল ম্যানেজার(অঃদাঃ)